

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

২০২০ সালের জুন মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদন:

APA অনুযায়ী বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৯-২০২০ মাড়াই মৌসুমে ১,৫৬৫,০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৮% চিনি আহরণ হারে ১২৫,০০০ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপ:

মাসের নাম	পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ				মন্তব্য
	চিনি (মে.টন)	চিটাগুড় (মে.টন)	স্পিরিট অ্যান্ড অ্যালকোহল (পুফ লিটার)	ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন)	
জুলাই ২০১৯	অমৌসুম	অমৌসুম	৩৯০,৫৪৬.৫৮	৭০.৩৪	
আগস্ট ২০১৯	-	-	৩০৬,২৪৯.০০	৭৪.৭৪	
সেপ্টেম্বর ২০১৯	-	-	৩৮৯,২০৫.৩৩	১০৩.৩৩	
অক্টোবর ২০১৯	-	-	৫২৭,৪৬৭.০০	১৩১.৪৮	
নভেম্বর ২০১৯	৩,৭৩৩.০০	২,২৮৪.৮০	৩০০,৮৬২.৫৫	৫৮.৫৪	
ডিসেম্বর ২০১৯	১৯,৫০২.০০	১১,২২৯.০৩	৪,৩৬,৮০২.২৫	৬২.৪২	
জানুয়ারি ২০২০	৩৩,২৪৫.৫০	১৯,১২১.৫০	৪,৬৩৭৩৪.০৩	৮৭.৭০	
ফেব্রুয়ারি ২০২০	১৯,৪৬১.২০	১৩,০৫১.১১	৪,৭৫,০৮৭.৩৯	৬২.৭৩	
মার্চ ২০২০	৫,৪৭১.০০	৪,৭৮৪.৮০	৪,১০,৫৫৮.৭৮	৫৯.৬৩	
এপ্রিল ২০২০	৭২৭.৭৫	২২৫৪.৮১	১,৮৭,১৬৬.৫২	২৪.৮৫	
মে ২০২০	-	-	৪,০২,৪৬৭.০০	৬৭.৪০	
জুন ২০২০	-	-	৪৬৭৬৬৭.৬০	১৮৯.৫৭	
মোট :	৮২,১৪০.৪৫	৫২৭২৬.০৬	৪৭৫৭৮১৪.০৩	৯৯২.৭৩	

খ) উৎপাদন (পরিমাণ):

চিনি:

জুন ২০২০ চিনি উৎপাদনে অমৌসুম।

মোলাসেস:

জুন ২০২০ মোলাসেস উৎপাদনে অমৌসুম।

স্পিরিট ও অ্যালকোহল :

APA অনুযায়ী জুন ২০২০ মাসে কেবু ডিস্টিলারিতে ১,০০০,০০০ পুফ লিটার স্পিরিট ও অ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৪,৬৭,৬৬৭.৬০ পুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৪৭%। জুলাই ২০১৯ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ৪৭,৫৭,৮১৪.০৩ পুফ লিটার। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৪৮,৯২,৬৩৯.০৯ পুফ লিটার। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ২.৭৬% কম।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি:

APA অনুযায়ী জুন ২০২০ মাসে রেনউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ১৫০ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১৮৯.৫৭ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১২৬%। জুলাই ২০১৯ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ৯৯২.৭৩ মে.টন। বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয়। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ১০৮২.০০ মে.টন। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ৮% কম।

উৎপাদন ব্যয়:

জুন ২০২০ মাসে করপোরেশনের অধীন প্রতিষ্ঠানসমূহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ১,৭৬৪.১৭ লক্ষ টাকা। এ মাসে APA অনুযায়ী উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৫,০৩৭.৭৭ লক্ষ টাকা। জুলাই ২০১৯ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ৬৬,৫০১.৫৫ লক্ষ টাকা। গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ৫৩,৬৬৩.১৯ লক্ষ টাকার তুলনায় ২৪% বেশি।

২। বিক্রয় (পরিমাণ):

চিনি:

জুন ২০২০ মাসে চিনিকলসমূহে ৪,০৭০.৭১ মে.টন চিনি বিক্রয় হয়। জুলাই ২০১৯ হতে এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ৯১,৬৩২.৭০ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৫৯৮৫১.৬৬ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৫৩.১০% বেশি।

মোলাসেস:

APA অনুযায়ী মে ২০২০ মাসে চিনিকলসমূহে ৪,৪৮৮.২৪৬ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৭৭৭.২৮ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ১৯৬%। জুলাই ২০১৯ হতে এ সময় পর্যন্ত বিক্রয় ৬১,০৮৭.৬৮ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ৩৮,৩৭৯.৯৫ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৫৯.১৭% বেশি।

স্পিরিট, অ্যালকোহল ও ফরেন লিকার:

APA অনুযায়ী জুন ২০২০ মাসে কেবু ডিস্টিলারিতে ১,০০০,০০০ পুফ লিটার স্পিরিট, অ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২,৬৯,৭৮৭ পুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ২৭%। জুলাই ২০১৯ হতে এ সময় পর্যন্ত বিক্রয় ৩৫,১২,৪১৮.০০ পুফ লিটার। গত বছর এসময়ে বিক্রয় ছিল ৪০,১৬,১৯৯.৬০ পুফ লিটার। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ১২.৫৪% কম।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি:

APA অনুযায়ী জুন ২০২০ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ১৫০ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৫১২.৫১ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৩৪২%। জুলাই ২০১৯ হতে এ সময় পর্যন্ত বিক্রয় ১,৮৪০.৩৮ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৭৭২.৬৩ মে.টন। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ১৩৮.২০% বেশি।

বিক্রয়(মূল্য) :

জুন ২০২০ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ৪০৭০.৭১ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ৬১৯০.১৮ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা APA অনুযায়ী এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ৮০১৫.৮৭ লক্ষ টাকার ৭৭%। জুলাই ২০১৯ হতে এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ৮৫,৯১৬.০১ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ৬৪,৬৬৭.৩৯ লক্ষ টাকার ৩৩% বেশি। পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১- ১৬ নম্বর পৃষ্ঠায় অ্যানেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হলো।

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হলো:

মাসের নাম	পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ				
	চিনি (মে.টন)		চিটাগুড় (মে.টন)	স্পিরিট অ্যান্ড অ্যালকোহল (প্রুফ লিটার)	ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন)
	নিজস্ব উৎপাদিত	আমদানিকৃত			
জুলাই ২০১৯	৩,০৯৯.৭১		৪,৫০০.৬০	৩৩৬,৪১৬	৬৪.৮৮
আগস্ট ২০১৯	১২,৯৩৯.১৪	-	৩,৬৫৪.০০	৩১৯,৪৭০	৬৪.৬২
সেপ্টেম্বর ২০১৯	১৫,৮৫৬.৮৯	-	৪,৩৩৮.৬৬	৩৭৬,৫২৭	২৩৪.০০
অক্টোবর ২০১৯	২,৬৬০.১০	-	৫,০৭৫.৪১	৩৪৭,৫৯৬	৩৩৮.১৭
নভেম্বর ২০১৯	৬,৫৪৮.২৫	-	৪,৭৮৭.০৫	৩০৩,৯২৩	৬৪.২১
ডিসেম্বর ২০১৯	২০,৩১৯.২১	-	৪,৫৪৬.৭৭	৩২০,৮২০	২৫৩.৪৬
জানুয়ারি ২০২০	৬,৪১৮.২৫	-	৬০৮৫.৮৪	৩৪০,৯৮৫	১৩৯.০৬
ফেব্রুয়ারি ২০২০	৫,৮৬৮.৯১	-	৫,০৩৭.৮৫	৩,১৮,৪৩৮	৪২.৮৮
মার্চ ২০২০	৬,১১০.১৫	-	৫,১৫৪.৪৩	৩,৬২,৩৭৬	১১০.১০
এপ্রিল ২০২০	৪,৬৪৫.২৫	-	৪,৭৩৪.৫৯	৫৯,৪৭০	৪.৮৩
মে ২০২০	৩,০৯৬.১৩	-	৪,৩৯৫.২৩	১,৫৬,৫০৯	১১.৬৬
জুন ২০২০	৪০৭০.৭১	-	৮৭৭৭.২৮	২৬৯৭৮৭	৫১২.৫১
মোট :	৯১,৬৩২.৭০	-	৬১,০৮৭.৬৮	৩৫,১২,৪১৮.০০	১৮৪০.৩৮

৩। উৎপাদিত দ্রব্যাদির মজুদ:

জুন ২০২০ মাসের শেষে চিনিকলসমূহে ৫৬,২৫৮.৬৯ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসে চিনি মজুদের পরিমাণ ছিল ৬৫,৭২৯.৪০ মে.টন। আলোচ্য মাস পর্যন্ত বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ মূল্য দাঁড়ায় ৪১,৪৪৪.৮৮ লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৪০,৬০৮.৪০ লক্ষ টাকার তুলনায় ২% বেশি। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় অ্যানেক্সার ৩ এ সংযুক্ত করা হলো।

৪। উৎপাদন সহায়ক মালামালের মজুদ:

জুন ২০২০ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ১,৬১০.৭৫ লক্ষ টাকা যা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ১,৮১০.২৪ লক্ষ টাকার তুলনায় ১১% কম। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় অ্যানেক্সার-৪ এ সংযুক্ত করা হলো।

৫। সরকারি কোষাগারে প্রদান:

করপোরেশনের সদর দপ্তর ও এর অধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে হতে জুন ২০২০ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ৮৩১.৪৫ লক্ষ টাকা প্রদান করা হয়। জুলাই ২০১৯ হতে এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট ৮৪৩৪.৭০ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করা হয়।